গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

# সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : সালেহীন তানভীর গাজী
জেলা প্রশাসক, জয়পুরহাট
তারিখ : ২৮ ডিসেম্বর, ২০২২ খ্রি:
সময় : সকাল ১০:০০ টা
স্থান : জেলা প্রশাসক, জয়পুরহাট এর সভাকক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি এ কার্যালয়ের ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লেখিত সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনার ১.৩ কার্যক্রম অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজনের বিষয়টি অন্তর্ভুক্ত রয়েছে। সভাপতি আওতাধীন অফিসের সেবাসমূহকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা এই তিন ভাগে বিভক্ত করে সেবা প্রদান প্রতিশ্রুতির নির্ধারত ফরমেটে ৮ কলামে প্রস্তুতপূর্বক সেবাসমূহের বাস্তবায়ন কার্যক্রম গ্রহণ, ওয়েবসাইট হালনাগাদকরণ এবং প্রতিটি কাজ নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করে সূচকের প্রমাণকসমূহ ত্রৈমাসিক ভিত্তিতে এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করেন।

| ক্রম: | গত সভার তারিখ | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়িত সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|---|
| ০১. | ১৩/০৯/২০২২ | ০৪টি | ০৪টি | ১০০% |

অতঃপর সভায় আওতাধীন অফিসের সেবা প্রদান প্রতিশ্রুতির ত্রুটিসমূহ তুলে ধরা হয়। এ বিষয়ে নিম্নরূপ বিস্তারিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রম: | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ০১. | **আওতাধীন দপ্তর/সংস্থার সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ:**<br>আওতাধীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের কার্যালয় সমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ বিষয়ে আলোচনা করা হয়। সভায় অবহিত করা হয় যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে এ কার্যালয়ের আওতাধীন দপ্তর/সংস্থার সমন্বয়ে অনুষ্ঠিত গত ১৩/০৯/২০২২ তারিখের ১ম ত্রৈমাসিক সভায় মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সেবা প্রদান প্রতিশ্রুতিকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা হিসেবে শ্রেণীবিন্যাস করে ৮ কলামের নির্ধারিত ফরমেটে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েব পোর্টালের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোডের সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিভাগের সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইটের সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত সেবা বক্স পরিবীক্ষণ করে দেখা যায় যে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা হিসেবে তিন ভাগে প্রস্তুত করে নির্ধারিত ফরমেটে ৮ কলামে প্রস্তুত করা হয়নি। | ১। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশিকা অনুযায়ী প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতিকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা হিসেবে শ্রেণীবিন্যাস করে ৮ কলামের ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েবসাইটের সংশ্লিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে।<br>২। সকল উপজেলার ওয়েবসাইটের সেবা বক্সে সভার কার্যবিবরণী আপলোড করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জয়পুরহাট জেলা |

| | | | |
|---|---|---|---|
| | মন্ত্রিপরিষদ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি নির্দেশিকা মোতাবেক সেবা প্রদান প্রতিশ্রুতিকে নাগরিক সেবা, প্রাতিষ্ঠানিক সেবা ও অভ্যন্তরীণ সেবা হিসেবে তিন ভাগে প্রস্তুত করে নির্ধারিত ফরমেটে ৮ কলামে ত্রৈমাসিক ভিত্তিতে হালনাগাদপূর্বক ওয়েবসাইটের নির্ধারিত সেবা বক্সে আপলোড করার নির্দেশনা প্রদান করা হয়েছে। | | |
| ০২. | **সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পূর্ণগঠন ও ত্রৈমাসিক ভিত্তিতে সভার আয়োজন:**<br>সভায় এ কার্যালয়ের সহকারী কমিশনার (সাধারণ) জানান যে, সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা অনুযায়ী ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন ও কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন কার্যক্রম অন্তর্ভূক্ত রয়েছে। তিনি জানান যে, সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণে সকল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইট পরিবীক্ষণ কমিটির তথ্য ওয়েবসাইটে পাওয়া যায়নি মর্মে সভায় অবহিত করেন।<br>সভাপতি, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ত্রৈমাসিক ভিত্তিতে পুনর্গঠন ও নিয়মিত পরিবীক্ষণ কমিটির সভা আয়োজনের অনুরোধ করেন। এছাড়া ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন করে প্রতিবদেন এ কার্যালয়ে প্রেরণের অনুরোধ করেন। | ১। প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে সেবা প্রদান সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করে আগামী ১৫ (পনের) দিনের মধ্যে ওয়েবসাইটে আপলোড করতে হবে।<br>২। ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভা করতে হবে।<br>৩। পরিবীক্ষণ কমিটির সিদ্ধান্তের বাস্তবায়ন প্রতিবেদন নিয়মিত এ কার্যালয়ে প্রেরণ করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জয়পুরহাট জেলা |
| ০৩. | **সেবা প্রদান প্রতিশ্রুতি ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ:**<br>আওতাধীন অফিসের ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিয়োগ বিষয়ে সভায় আলোচনা হয়। সভায় জানানো হয় যে, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়সমূহের ওয়েবসাইট পরিবীক্ষণ করা হয়েছে। পরিবীক্ষণকালে দেখা যায় যে, সদর ও কালাই উপজেলার ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য আপলোড আছে। ক্ষেতলাল ও আক্কেলপুর উপজেলায় শুধুমাত্র ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য আপলোড আছে কিন্তু পাঁচবিবি উপজেলার ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য আপলোড নেই।<br>সভাপতি, ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ছবিসহ ও তথ্য ও নিয়োগ সংক্রান্ত অফিস আদেশ ওয়েবসাইটের নির্দিষ্ট সেবা বক্সে আপলোডের অনুরোধ করেন। | ০১। প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ের ওয়েবসাইটে ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তার ছবিসহ তথ্য ও নিয়োগ আদেশ নির্দিষ্ট সেবা বক্সে আপলোড করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জয়পুরহাট জেলা |
| ০৪. | **সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ ও স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন:**<br>সভায় এ কার্যালয়ের সহকারী কমিশনার (সাধারণ) জানান যে, ২০২২-২০২৩ অর্থবছরের সেবা প্রদান প্রতিশ্রুতি | ১। প্রতিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক সেবা প্রদান পতিশ্রুতি বিষয়ে কর্মকর্তা ও কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। | উপজেলা নির্বাহী অফিসার (সকল) জয়পুরহাট জেলা |

| | | | |
|---|---|---|---|
| | বাস্তবায়ন কর্মপরিকল্পনার ২.১ অংশে সবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে কর্মশালা/প্রশিক্ষণ/সেমিনার এবং ২.২ অংশে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন অন্তর্ভুক্ত রয়েছে। বর্তমানে ২০২২-২০২৩ অর্থ বছরের ২য় ত্রৈমাসিকের ৩য় মাস চলমান। এ কারণে ডিসেম্বর-২০২২ মাসের মধ্যেই সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক প্রশিক্ষণ ও স্টেকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন করা প্রয়োজন।<br>এ বিষয়ে সভাপতি জানান যে, অংশীজন বলতে স্ব স্ব প্রতিষ্ঠানের অভ্যন্তরীন/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী যে কোন ব্যক্তি/প্রতিষ্ঠান, সুশীল সমাজের প্রতিনিধি এবং আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীকে বোঝানো হয়েছে।<br>আয়োজিত সভায় স্টেকহোল্ডারগণের মতামত ও সুপারিশসমূহ গুরুত্বের সাথে বিবেচনা করে নিজ নিজ দপ্তরের সেবা প্রদান কার্যক্রমকে আরও সহজ ও ভোগান্তিবিহীন করার সর্বোচ্চ চেষ্টা করতে হবে। | ২। সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভা ডিসেম্বর-২০২২ মাসের মধ্যেই আয়োজন করতে হবে। | |

পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়া।

০১/১/২০২৩

(সালেহীন তানভীর গাজী)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোনঃ ০২৫৮৯৯১৫০৫১
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়
জয়পুরহাট
(সাধারণ শাখা)
www.joypurhat.gov.bd

স্মারক নম্বর ০৫.৪৩.৩৮০০.০০৫.৯৯.১৫৬.২১- ১০/১

তারিখ: ১৭ পৌষ ১৪২৯
০১ জানুয়ারি ২০২৩

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে**

০১। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী ।

০২। ........................................................................................ .জয়পুরহাট।

(মো: আনোয়ার পারভেজ)
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)
জয়পুরহাট
ফোন:(+৮৮)০৫৭১-৬২২১০
adcgjoypurhat@mopa.gov.bd